

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৮০

२. यन गंनाता সूि छे अरिम भाना (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো যখন সে কোন কওমের কাছে বেড়াতে যাবে, তাদের কাছ থেকে ফিরে আসার সময় মেজবানের জন্য দু'আ করা

ذِكْنُ مَا يُستحب لِلْمَرْءِ إِذَا زَارَ قَوْمًا أَنْ يَدْعُوَ لِلْمَزُورِ عِنْدَ انْصِرَافِهِ عَنْهُمْ

## আরবী

980 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنْ سُفْيَانَ عَنِ الْأَسْوَدِ بْنِ قَيْسٍ عَنْ نُبيح عَنْ جَابِرٍ قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَسْتَعِينُهُ فِي الْأَسْوَدِ بْنِ قَيْسٍ عَنْ نُبيح عَنْ جَابِرٍ قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَسْتَعِينُهُ فِي دَيْنٍ كَانَ عَلَى أَبِي فَقَالَ (آتِيكُمْ) فَقُلْتُ لِلْمَرْأَةِ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فذبحتُ لَهُ دَاجِنًا كَانَ يَأْتِينَا فَإِيَّاكِ أَنْ تُكَلِّمِيهِ أَوْ تُؤْذِيهِ قَالَ: فَأَتَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فذبحتُ لَهُ دَاجِنًا كَانَ لَنَا قَالَ:

(يَا جَابِرُ كَأَنَّكَ علمتَ حُبَّنَا اللَّحْمَ)؟ فَلَمَّا خَرَجَ قالت له المرأة: يارسول الله: صلِّ علي وعلى زوجي قَالَ: فَفَعَلَ فَقَالَ لَهَا: أَلَمْ أَقُلْ لَكِ؟ فَقَالَتْ: رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَدْخُلُ بَيْتِي وَيَخْرُجُ وَلَا يُصلِّى عَلَيْنَا؟!

الراوي: جَابِر المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 980 ا خلاصة حكم المحدث:. صحيح.

## বাংলা

৯৮০. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসি, আমার বাবার ঋণ পরিশোধে সহযোগিতার জন্য, তখন তিনি বলেন, "আমি তোমাদের কাছে আসবো।" অতঃপর আমি আমার স্ত্রীকে বললাম, "নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের কাছে আসবেন। কাজেই তুমি তাঁর সাথে কথা বলে কষ্ট দেওয়া থেকে বেঁচে থাকবে।" রাবী বলেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আসেন, অতঃপর আমরা তাঁর জন্য একটি গৃহপালিত বকরী জবাই করলাম। তখন তিনি বলেন, "হে জাবের রাদ্বিয়াল্লাহু আনহু, মনে হয় তুমি জানো যে, গোশত আমার খুব পছন্দ!"



তারপর যখন তিনি বের হলেন, তখন আমার স্ত্রী বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার জন্য এবং আমার স্বামীর জন্য দু'আ করুন।" রাবী বলেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তা-ই করেন। তারপর জাবির রাদিয়াল্লাহু আনহু বলেন, "আমি কি তোমাকে বলিনি (যে, তাঁর সাথে কথা বলে কষ্ট দেওয়া থেকে বেঁচে থাকবে)?" জবাবে স্ত্রী বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের বাড়িতে এসে চলে যাবেন আর তিনি আমাদের জন্য দু'আ করবেন না?"[1]

## ফুটনোট

[1] নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৪২৩; মুসনাদ আহমাদ: ৩/১৯৮; ইসমাঈল আল কাযী: ৭৭; আবূ দাউদ: ১৫৩৩; দারেমী: ১/২৪; সুনান বাইহাকী: ২/১৫৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৭২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন